

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮৫

আগরতলা, ২০ সেপ্টেম্বর, ২০২৪

মায়ের গমন : ২২ সেপ্টেম্বর পর্যালোচনা সভা

আসন্ন মায়ের গমন কার্নিভাল সুচারুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলির তরফে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। এ বিষয়ে গত ৮ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে এবং আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদারের উপস্থিতিতে বিভিন্ন পূজা কমিটি / ক্লাবের প্রতিনিধি ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নিয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

কার্নিভাল আয়োজনের বিভিন্ন পদক্ষেপের পর্যালোচনা করার উদ্দেশ্যে আগামী ২২ সেপ্টেম্বর বিকাল ৩টায় মুক্তধারা অডিটোরিয়ামে আগরতলা ও তৎসংলগ্ন এলাকার পূজা কমিটি / ক্লাব ও বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।
